



রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়  
অস্থায়ী কার্যালয়: প্রফেসর কোয়ার্টার, ২ নং ভবন  
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাস, রাজশাহী- ৬০০০  
ই-মেইল : [controller.rmu@gmail.com](mailto:controller.rmu@gmail.com)  
web: [www.rmu.edu.bd](http://www.rmu.edu.bd)



মোমো নং- রামেবি/বিএসসি ইন নার্সিং (বেসিক)/১১১/২০১৮/১৬৬৪

তারিখ : ২৩/০৯/২০২১খ্রি.

: ২০১৯ সালের ১ম বর্ষ বিএসসি ইন নার্সিং (বেসিক) (নতুন ও পুরাতন) ২০১৯ সালের ২য় বর্ষ বিএসসি ইন  
নার্সিং (বেসিক) সাপ্লিমেন্টারি পরীক্ষা এর ফরম পূরণের বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের ১ম বর্ষ বিএসসি ইন নার্সিং (বেসিক) (নতুন ও পুরাতন) ২০১৯ সালের ২য় বর্ষ বিএসসি ইন নার্সিং (বেসিক) সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী ১৪/১০/২০২১ খ্রি: তারিখ হতে শুরু হবে। উক্ত পরীক্ষার ফরম পূরণ (ইতোপূর্বে প্রেরিত তালিকা অনুযায়ী) অনলাইনের মাধ্যমে আগামী ২৫/০৯/২০২১ খ্রি: তারিখ হতে ২৮/০৯/২০২১ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করে অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর আবেদন ফরম ও প্রবেশপত্র আগামী ০৪/১০/২০২১ খ্রি: তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে (দুপুর ২.৩০ মি:) রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে জমা দান পূর্বক স্বাক্ষরযুক্ত প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ২৮/০৯/২০২১ খ্রি: তারিখ এর পর অনলাইনে কার্যক্রম বন্ধ হয়ে যাবে এবং ০৪/১০/২০২১ খ্রি: তারিখের পরে বিশ্ববিদ্যালয় দপ্তরে কোন ফরম জমা গ্রহণ করা হবেনা।

বিশ্ববিদ্যালয় দপ্তরে ফরম জমা দেয়ার সময় প্রয়োজনীয় কাগজের বিবরণ:

- (১) অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর আবেদন ফরম, ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক)।
- (২) অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর প্রবেশপত্র (কালার প্রিন্ট)
- (৩) অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর তালিকা ৩ (তিন) সেট।
- (৪) সকল কাগজপত্র একটি ফরওয়ার্ডিং লেটারের মাধ্যমে কলেজ প্রতিনিধির মাধ্যমে বিশ্ববিদ্যালয় দপ্তরে প্রেরণ করতে হবে।


ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ফি এর বিবরণ :

১.	বিএসসি ইন নার্সিং (বেসিক) ১ম বর্ষ ও ২য় বর্ষ সাপ্লিমেন্টারি পরীক্ষা-২০১৯- প্রতি বিষয় (তৃতীয়)	৮০০/-
২.	বিএসসি ইন নার্সিং (বেসিক) ১ম বর্ষ ও ২য় বর্ষ সাপ্লিমেন্টারি পরীক্ষা-২০১৯ এর ব্যবহারিক পরীক্ষা প্রতি টার্ম এর জন্য	৮০০/-
৩.	কেন্দ্র অনুমোদন ফি সরকারি নার্সিং কলেজ ( প্রতি বছর)	১০,০০০/-
	কেন্দ্র অনুমোদন ফি বেসরকারি নার্সিং কলেজ ( প্রতি বছর)	৫০,০০০/-
৪.	পরীক্ষা পরিদর্শন ফি (ভিজিটেশন) বেসরকারি নার্সিং কলেজ প্রতিদিন ৫০০০/-X ২ = "ক" (রাজশাহী শহর/ সিটি কর্পোরেশন ও রাজশাহী শহরতলীর মধ্যে)	১০,০০০/-
৫.	পরীক্ষা পরিদর্শন ফি (ভিজিটেশন) বেসরকারি নার্সিং কলেজ প্রতিদিন ৭০০০/-X ২ = "খ" ( বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ জেলা)	১৪,০০০/-
৬.	পরীক্ষা পরিদর্শন ফি (ভিজিটেশন) বেসরকারি নার্সিং কলেজ প্রতিদিন ১০০০০/-X ২ = "ক" , "খ" - এ বর্ণিত জেলা ব্যতীত অন্যান্য সকল জেলা	২০,০০০/-

বি. দ্র. কেন্দ্র অনুমোদন ফি দেয়া থাকলে তার ফটোকপি সংযুক্ত করতে হবে।

সংশ্লিষ্ট কলেজ প্রেরিত তালিকাটি অনলাইনের মাধ্যমে ফরম পূরণের জন্য আপলোড করা হবে। প্রেরিত তালিকায় কোন ভুল বা ত্রুটি হলে সংশ্লিষ্ট কলেজকেই তার দায়ভার বহন করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তালিকাটি সার্ভারে আপলোড করার পর তালিকাটি পূরণায় যাঁচাই করার জন্য সংশ্লিষ্ট কলেজ নিজস্ব লগইন/পাসওয়ার্ড ব্যবহার করে Form Fill-up Link —এ প্রবেশ করবেন। তালিকাটি যাঁচাই (পরীক্ষার্থীর সংখ্যা এবং তাদের বিষয় ও বিষয় সংখ্যা) করে সাবমিট করলেই প্রেরিত তালিকার বিপরীতে প্রয়োজনীয় মোট অর্থের একটি বিল স্ব-স্ব কলেজের Form Fill-up Link —এ স্বয়ংক্রিয়ভাবে তৈরী হবে। প্রদেয় ফি এর পরিমাণ ও চূড়ান্ত তালিকা স্বয়ংক্রিয়ভাবে তৈরী হবে সুতরাং জটিলতা এড়াতে তালিকা সাবমিট করার পূর্বে সতর্কতার সাথে যাঁচাই করতে হবে। উক্ত বিলটি ট্রাস্ট ব্যাংক লি: এর নিকট শাখায় পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে ফরম পূরণের কাজ সম্পন্ন হয়ে যাবে। অতপর ফরম পূরণের আবেদন ফরম, প্রবেশপত্র, ছবিযুক্ত রোল সীট রস্ট্রা প্রিন্টারের মাধ্যমে প্রিন্ট করে (যা স্ব-স্ব কলেজ তাদের নিজস্ব লগইন/পাসওয়ার্ড ব্যবহার করে Form Fill-up Link থেকে পিডিএফ আকারে ডাউনলোড করতে পারবে)। প্রবেশপত্রে পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের স্বাক্ষরের জন্য বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে জমা দিতে হবে।

বি: দ্র: ফরম পূরণের পদ্ধতি Form Fill-up Link —এ প্রদত্ত নির্দেশিকা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

 ২৩/৯/২১


অধ্যাপক ডা. মো. আনোয়ার হাবিব  
পরীক্ষা নিয়ন্ত্রক  
রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়।

মোমো নং- রামেবি/বিএসসি ইন নার্সিং (বেসিক)/১১১/২০১৮/১৬৬৪

তারিখ : ২৩/০৯/২০২১খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. ড্রেজারার, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
২. অধিকর্তা, নার্সিং অনুষদ, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৩. অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল নার্সিং কলেজ।
৪. রেজিস্ট্রার/ কলেজ পরিদর্শক/ পরিচালক (অর্থ ও হিসাব) রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৫. সেকশন অফিসার/ পরীক্ষা নিয়ন্ত্রক শাখা / জেনারেল শাখা/ স্টের শাখা/ ক্লিনিক শাখা/ প্রশ্নপত্র শাখা/ রেজাল্ট শাখা/ বিল শাখা/ রেকর্ড শাখা, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৬. ব্যবস্থাপনা পরিচালক, রাজ আইটি সলিউশন্স লি. রাজশাহী। (অনলাইনে ফরমপূরণের সার্বিক সহযোগিতার জন্য)।
৭. -----
৮. দপ্তর নথি।

 ২৩.০৯.২০২১  
ডা. মোহা. সারওয়ার জাহান  
উপ- পরীক্ষা নিয়ন্ত্রক  
রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়।